# তোমার আর থাকা হবে না

আমাদের আর কথা হবে না, দেখা হবে না,
আমাদের আর মুখো মুখি বসা হবে না।
রাস্তার অলিতে গলিতে,
কিংবা পোস্টারের লাল-নীলে,
প্রিয় অপেক্ষাদের দাঁড়িয়ে থাকা হবে না।
এই শহরের কোনো রেস্‌টুরেন্টে,
আমাদের আর দেখা হবে না।
বর্ষায় নৌকাতে ঘোরা হবে না।
সন্ধ্যায় রিকশার হুড ফেলে,
নদীর পাড়ে হাওয়াদের,
ছোঁয়া হবে না।
তীব্র ভাবে দেখা করার ইচ্ছা হবে,
কিন্তু আমাদের আর দেখা হবে না।
তোমার জন্য তুলে রাখা,
নীল শাড়ীটি আর পরা হবে না।
চোখের কাজলের সাথে পাল্লা দিয়ে,
গাঢ় হবে আমার চোখের আশ পাশ,

Sabrina Sultana

তবুও তোমার পথ চেয়,
আমার আর বসে থাকা হবে না।
চুপটি করে তোমার জন্যে,
প্রিয় কোনো সুগন্ধি মাখা হবে না।
ভ্রূ-যুগোলের মাঝ খানটায়,
তোমার নামের টিপ পরা হবে না।
এ শহরে তুমি আছো জেনেও,
আমার আর ছুটে আসা হবে না।
আমাদের তীব্র অভিমান গুলো,
ঝাঁঝালে মুভির মতো,
ছড়িয়ে থাকবে এখানে -ওখানে,
কোনো চড়াই বা শালিকের,
সেগুলো খাওয়া হবে না।
আমাদের আর কথা হবে না।
এ শহরে কোথাও,
আমাদের আর দেখা হবে না,
ভীষন একাকিত্ব নিয়ে,
গুটি গুটি পায়ে দিনগুলো এগিয়ে যাবে,
তবুও আমাদের একে অপরকে,
পাওয়া হবে না।

Sabrina Sultana

পথ শিশুর হাতে বেলীফূল দেখব,
তোমার কথা মনে পরবে,
কিন্তু কখোনই আর বেলীফুল,পরা হবে না।
অস্থির লাগবে লাগুক,
হাসফাস করবে করুক,
তবুও আমার হন হন  করে ছুটে যাওয়া হবে না।
যে শহরে তুমি আমায় রাখো নি,
আমাকে কাছে ডাকো নি,
সে শহরে আমি ঠিকিই থাকবো,
কেবল তোমার আর থাকা হবে না।

Sabrina Sultana